সুদক্ষ ট্রেনার দ্বারা Two / Four Wheeler ড্রাইভিং শেখানো হয়।
City The dream come true SAFE DRIVE SAVE LIFE
Driving School
+91 7872 68 68 61
Ramkrishna Mission More, Malda.

জরুরী গাইড
অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার
০৯ / ৬০৭ aamaarshahor.com
মালদা ১৭ ভাদ্র, ১৪৩৩ শুক্রবার, ৪ সেপ্টেম্বর, ২০২৬ ২৪ বর্ষ ১১ তম সংখ্যা বিনামূল্যে বিতরণের জন্য
বিজ্ঞাপন বিভাগ ঃ 9233 44 45 46

ওঁ পাথর ছাড়াই প্রতিকার সম্ভব
জগদম্বা জ্যোতিষ কেন্দ্র
মালদা # 9332056956

পুজোর মুখে
শহরের ব্যস্ততম রাস্তায়
হোর্ডিং ভাড়া এখন মাত্র ১০ টাকা প্রতি বর্গফুট থেকে শুরু।
এই অফার কেবলমাত্র প্রথম মাসের জন্য এবং নির্বাচিত বোর্ডগুলি প্রযোজ্য। ফ্লেক্স প্রিন্টিং ও মাউন্টিং চার্জ ১২ টাকা প্রতি বর্গফুট।
যোগাযোগ
মাস মিডিয়া # 9233 44 45 46

আনন্দন শিক্ষা নিকেতন
২০০৪ আনন্দন শিক্ষা নিকেতন
প্রি-নার্সারী, নার্সারী, কে.জি. ও প্রাথমিক বিদ্যালয় মো ঃ ৯৭৩৫০ ৯৩৪৪২
উত্তর সিঙ্গাতলা (তিতাস ক্লাবের নিকটে), মালদা
ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ঃ ২০২৭
আগামী ২০২৭ শিক্ষাবর্ষে প্রি-নার্সারী (বয়স ২+), নার্সারী (বয়স ৩+) থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত খালি আসন সংখ্যা অনুসারে
ভর্তির ফর্ম দেওয়া ও ভর্তি নেওয়া চলছে।
সময় ঃ সকাল ১১টা থেকে বেলা ৩টা (শনিবার ১১টা থেকে ১টা)
(উপরের লিখিত ভর্তির বয়স ১.১.২০২৭-এর ক্ষেত্রে প্রযোজ্য)

Find us
NEURO PANACEA
প্রতিটি নারীর সুস্থতা,
প্রতিটি মায়ের নিরাপত্তা

স্ত্রীরোগ বিশেষজ্ঞ
ডাঃ স্নেহা চক্রবর্ত্তী
MBBS, MS, (OBS & GYNAE)
• গর্ভাবস্থা ও মাতৃত্বকালীন যত্ন
• মা হতে চিকিৎসা সহায়তা
• মাসিক ও হরমোনজনিত স্বাস্থ্য
• PCOD, PCOS-এর চিকিৎসা
• উন্নত স্ত্রীরোগ সংক্রান্ত অস্ত্রোপচার।
NEURO PANACEA HOSPITALS Pvt. Ltd.
Scan for Location
Nageswarpur, Sahapur, Malda - 732412
97497 37249
www.thepanaceahospitals.com

‘স্বর্গ’ এক অনুভূতি !

মানুষ মৃত্যুর পর স্বর্গ পাবে এই আশায় সারাজীবন অনেক চেষ্টা করে যায়। কেউ উপোস করে, কেউ দান-ধর্ম করে, কেউ তীর্থযাত্রা করে, আবার কেউ দেবতার কাছে মানত করে। স্বর্গ যেন কোনো নতুন হাউজিং সোসাইটির মতো, যেখানে একটা ছোট ফ্ল্যাট পাওয়ার জন্য পুণ্যের পয়েন্ট জমাতে হয়...

কিন্তু এক মুহূর্ত থেমে এটাও ভেবে দেখুন...

কে জানে... আমরা হয়তো আগেই স্বর্গেই বাস করছি? সকালে ঘুম থেকে উঠেই চারপাশে একবার তাকান। একটা বোতাম টিপলেই অন্ধকার আলো হয়ে যায়। আরেকটা বোতাম টিপলেই পাখা ঘুরতে শুরু করে। তৃতীয় বোতাম টিপলেই ঠান্ডা হাওয়া ঘর ভরে দেয়। কল খুললেই জল বইতে থাকে। গ্যাস জ্বালালেই কয়েক মিনিটের মধ্যে রান্না তৈরি। পকেট থেকে মোবাইল বের করলেই গোটা পৃথিবী আপনার হাতের তালুতে। হাজার কিলোমিটার দূরের প্রিয় মানুষগুলো কয়েক সেকেন্ডেই আপনার চোখের সামনে।

এত অদ্ভুত সব সুবিধা... অথচ আমরা এগুলোকে খুব সাধারণ মনে করি। এগুলো যেন আমাদের জন্মগত অধিকার।

একবার ভাবুন তো...

দুশো বছর আগের কোনো রাজা যদি আজ আপনার বাড়িতে আসত, তাহলে হয়তো সে নিজের রাজপ্রাসাদে ফিরতেই চাইত না। সে অবাক হয়ে জিজ্ঞেস করত ’এটা কী?’ গরম জল! ’আর এটা?’ ঠান্ডা হাওয়া! ’এটা কী?’ গোটা পৃথিবীর খবর! ’এটা?’ দশ মিনিটে বাড়িতে খাবার! তখন সে হেসে বলত ’আমি সারাজীবন রাজ্য চালিয়েছি, যুদ্ধ জিতেছি, বিপুল সম্পদ পেয়েছি... কিন্তু এমন সুবিধা কখনো পাইনি।’ এটা সত্যি!

আজ একজন সাধারণ মানুষও অনেক দিক দিয়ে আগের যুগের সবচেয়ে শক্তিশালী রাজার চেয়েও বেশি ’ধনী’। তবুও... আমরা সুখী নই।

কেন?

কারণ মানুষ যা পেয়েছে তার দাম ধীরে ধীরে কমে যায়। এসি চলছে আনন্দ নেই। বন্ধ হলেই কষ্ট লাগে। মোবাইল আছে আনন্দ নেই। নেটওয়ার্ক গেলেই মনে হয় পৃথিবী শেষ। নিজের বাড়ি আছে তৃপ্তি নেই। পাশের বাড়িটা বড়, তাই দুঃখ। নিজের গাড়ি আছে শান্তি নেই। অন্যের গাড়ি বড়, তাই চিন্তা।

অর্থাৎ মানুষ নিজের স্বর্গে দাঁড়িয়েও অন্যের স্বর্গের (এরপর ২-এর পাতায়)

পশ্চিমবঙ্গ সরকারের

পিঙ্ক কার্ড (Pink Card)

সরকারি বাসে মহিলাদের জন্য ফ্রি যাতায়াতের সুবিধা

কিভাবে আবেদন করবেন?

পিঙ্ক কার্ডের মূল তথ্য

- উদ্দেশ্য নিরাপদ যাত্রা, স্বাবলম্বী নারী, উন্নত আগামী।
- সুবিধা সরকারি WBTC/SBSTC বাসে সম্পূর্ণ ফ্রি যাতায়াত।
- স্লোগান মহিলাদের যাতায়াত এখন একদম ফ্রি।

কারা আবেদন করতে পারবেন?

১. পশ্চিমবঙ্গের স্থায়ী মহিলা বাসিন্দা।
২. বয়স ১৮ বছর বা তার বেশি।
৩. ছাত্রী, গৃহিণী, কর্মজীবী - সকলেই আবেদন করতে পারবেন।

প্রয়োজনীয় নথি

১. আধার কার্ড।
২. বাসস্থান প্রমাণপত্র ।
৩. ভোটার কার্ড / রেশন কার্ড / বিদ্যুৎ বিল।
৪. পাসপোর্ট সাইজ ছবি।
৫. মোবাইল নম্বর।

কিভাবে আবেদন করবেন?

- অনলাইনে আবেদন - https//pinkcard.wb.gov.in

১. ওয়েবসাইটে গিয়ে নতুন রেজিস্ট্রেশন করুন।
২. মোবাইল OTP দিয়ে লগইন করুন।
৩. ফর্ম পূরণ করে আধার, ঠিকানা ও ছবি আপলোড করুন।
৪. সাবমিট করে Application Status চেক করুন।

অফলাইনে আবেদন

১. নিকটস্থ জেলা পরিবহন দপ্তর / ব্লক অফিস / পঞ্চায়েত সমিতি অফিসে যান।
২. পিঙ্ক কার্ড ফর্ম সংগ্রহ করে পূরণ করুন।
৩. আধার, ঠিকানার প্রমাণপত্র ও ছবি জমা দিন।
৪. যাচাইয়ের পর পিঙ্ক কার্ড দেওয়া হবে।

গুরুত্বপূর্ণ তথ্য

- এই কার্ড শুধুমাত্র ঢঙ্ক এর স্থায়ী মহিলাদের জন্য
- একটি কার্ড কেবলমাত্র এক ব্যক্তির জন্য
- কার্ড সর্বদা নিজের সাথে রাখুন ও কন্ডাক্টরকে দেখান
- কার্ড নষ্ট/হারালে পুনরায় আবেদন করতে হবে

পিঙ্ক কার্ডের সুবিধা

- সরকারি বাসে ফ্রি যাতায়াত।
- নিরাপদ ও আরামদায়ক ভ্রমণ।
- ছাত্রীদের শিক্ষা প্রতিষ্ঠানে সহজে যাতায়াত।
- কর্মজীবী মহিলারা কর্মস্থলে সহজেই পৌঁছাতে পারবেন।

আসুন, পিঙ্ক কার্ড করুন এবং বিনামূল্যে সরকারি বাসে যাতায়াতের সুবিধা গ্রহণ করুন।

অফিসিয়াল ওয়েবসাইট
https//pinkcard.wb.gov.in

আপনার দৈনন্দিন প্রয়োজনে দ্রুত খোঁজ-খবর পান
খোঁজ
www.khonj.in
বিনামূল্যে আপলোড করুন আপনার শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন
কথা বলুন : 9233 44 45 46
থার্ড পার্টি টু-হুইলার ইন্স্যুরেন্স 699/- থেকে শুরু
আধার, PAN, পাসপোর্ট সহ বিভিন্ন সরকারি নথিতে নামের বানান ভুল ?
ঘরে বসে সঠিক পরামর্শ নিন।
মাস মিডিয়া
শুধু প্রচার করে না, প্রসার ঘটায়
9233 44 45 46

মালদায় উদ্বোধন হল

‘আমার মালদা ক্যাফে’

জেলা প্রশাসনের এই নতুন উদ্যোগে স্থানীয় স্বাদ, সংস্কৃতি ও ঐতিহ্য এক ছাতার তলায় আসবে। ক্যাফেতে পাওয়া যাবে আমের নানা পদ, মাখানা-ভিত্তিক খাবার ও স্থানীয়ভাবে উৎপাদিত সামগ্রী। এর মাধ্যমে কৃষক, মহিলা স্বনির্ভর গোষ্ঠী ও ক্ষুদ্র উদ্যোগপতিরা নতুন বাজার পাবেন।খাওয়ার পাশাপাশি থাকছে বই ও বোর্ড গেম। শিশু, পরিবার, তরুণ ও পর্যটকদের জন্য এটি হয়ে উঠবে মিলনক্ষেত্র।

জেলা শাসক রাজনবীর সিং কাপুর বলেন, এটি ‘আমার মালদা’ ব্র্যান্ডকে আরও শক্তিশালী করবে। সাংসদ ও বিধায়করাও এই উদ্যোগকে ‘ভোকাল ফর লোকাল’-এর বড় পদক্ষেপ বলেছেন। মালদহ জেলা প্রশাসনিক ভবনের উল্টো দিকে পার্কের পাশে সুফল বাংলা স্টলের উপরে ক্যাফেটি চালু করা হয়েছে।

পশ্চিমবঙ্গে চালু হল এই তিনটি ট্রাফিক আইন

১) ৩ জন চাপলে ১০০০/- ফাইন ও ৩ মাসের জন্য চালকের লাইসেন্স বাতিল।
২) আই এস আই মার্কড হেলমেট না থাকলে ১০০০/- ফাইন।
৩) বাচ্চার বয়স ৪ হলেই তাকে পূর্ণাঙ্গ আরোহী হিসেবে গণ্য করা হবে।

ট্রাফিক মোড়গুলোতে এ আই প্রযুক্তির ক্যামেরা বসানো হয়েছে। উপরোক্ত নিয়মগুলো লঙ্ঘন করলেই অটো চালান তৈরি হয়ে আপনার মোবাইলে চলে যাবে।

তথ্যসূত্র সমাজ মাধ্যম থেকে সংগৃহীত

মাঠে নামছে

নতুন এক দানব !

৩৭ কোটি ৬০ লাখ মাসিক ইউজার। শুধু চীনেই। নাম Bilibili।

এই সপ্তাহে পুরো দুনিয়ার জন্য Open করে দিল।

আর সাইন আপ করতে এখন আর পাসপোর্ট লাগবে না।

খবরটা ভাইরাল হয়েছে ’চীনের YouTube গ্লোবাল লঞ্চ হলো’ বলে।

অ্যাপটা আগেও ছিল, গত বছর ওরা নিজেরাই সেটা গুটিয়ে নিয়েছিল।

এবার সেটা আবার চালু হলো। আর এবারেরটা আগেরটার মতো না।

আগে কী অবস্থা ছিল দেখেন।

ভিডিও দেখা যেত শুধু সাউথইস্ট এশিয়ায়। বাকি দুনিয়ায় অ্যাপে ছিল শুধু ভয়েস চ্যাট আর (এরপর ৩-এর পাতায়)

বার্থ সার্টিফিকেট
ড্রাইভিং লাইসেন্স
পাসপোর্ট
স্কুলের কাগজপত্র
জমির দলিল
পলিসি সার্টিফিকেট
চাকুরীর নিয়োগপত্র
সমস্ত সরকারী কাগজপত্রে
নামের বানান সঠিক আছে তো ?
এফিডেফিট করে
সংবাদপত্রে সঠিক নাম ঘোষণা করুন।
পরামর্শ ও সহযোগিতা ঃ
মাস মিডিয়া
মকদুমপুর রথঘরের বিপরীতে, মালদা
9233 44 45 46

মালদা জেলা থেকে সূর্যোদয় ও সূর্যাস্তের সময়সূচী

সেপ্টেম্বর : ২০২৬

তারিখ	সূর্যোদয়	সূর্যাস্ত
04.09.2026	05:19 ↑ (115°)	17:53 ↑ (245°)
05.09.2026	05:19 ↑ (115°)	17:52 ↑ (245°)
06.09.2026	05:20 ↑ (115°)	17:51 ↑ (245°)
07.09.2026	05:20 ↑ (115°)	17:50 ↑ (245°)
08.09.2026	05:20 ↑ (115°)	17:49 ↑ (245°)
09.09.2026	05:21 ↑ (115°)	17:48 ↑ (245°)
10.09.2026	05:21 ↑ (115°)	17:47 ↑ (245°)
11.09.2026	05:21 ↑ (115°)	17:46 ↑ (245°)
12.09.2026	05:22 ↑ (115°)	17:45 ↑ (245°)
13.09.2026	05:22 ↑ (115°)	17:44 ↑ (245°)
14.09.2026	05:23 ↑ (115°)	17:43 ↑ (245°)
15.09.2026	05:23 ↑ (115°)	17:42 ↑ (245°)
16.09.2026	05:23 ↑ (115°)	17:41 ↑ (245°)
17.09.2026	05:24 ↑ (115°)	17:40 ↑ (245°)
18.09.2026	05:24 ↑ (115°)	17:39 ↑ (245°)
19.09.2026	05:24 ↑ (115°)	17:38 ↑ (245°)

যে কোনো দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিতে 977 5454 577

বার্থ সার্টিফিকেট | ড্রাইভিং লাইসেন্স | পাসপোর্ট
এডুকেশনাল সার্টিফিকেট | পলিসি সার্টিফিকেট | রেজিস্ট্রি ডিড
চাকুরী সংক্রান্ত কাগজপত্র

এফিডেফিটের মাধ্যমে নামের বানান
সংশোধনের বিজ্ঞপ্তি সংবাদপত্রে ঘোষণা করুন।

পরামর্শ ও সহযোগিতা ঃ মাস মিডিয়া # 9233 44 45 46

সমস্ত সরকারী কাগজপত্রে
নামের বানান
সঠিক আছে তো ?

পাত্র চাই

• মালদা শহর নিবাসী কায়স্থ, সরকার 28, অনার্স সহ স্নাতক, CTET পাস, সেন্ট্রাল স্কুলে চুক্তিবদ্ধ শিক্ষিকা পাত্রীর 5′5′′/35 এর মধ্যে সৎ, সুউপায়ী, নেশাহীন উপযুক্ত সঃ / উচ্চ অসঃ পাত্র কাম্য। M - 7872676139. HUF-0497

• বৈশ্য সাহা 34/5′4′′ M.A., B.Ed., মালদা, H.S. শিক্ষিকা (স্থায়ী) পাত্রীর সঃ চাকুরে / প্রতিষ্ঠিত পাত্র কাম্য। M - 95475 34931. NP-0409

• বর্মন 31+/5′ ফর্সা, সুশ্রী, সিভিল ইঞ্জিঃ, মালদা নিবাসী পাত্রীর সঃ চাঃ / ব্যবসা উপযুক্ত পাত্র কাম্য। M - 8759007708. NP-0427

• মাহিষ্য 32/5′3′′ স্নাতক, সুশ্রী পাত্রীর (গালে অল্প শ্বেতী) জন্য সরকারী চাকুরে / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 96148 68917. NP-0393

• কায়স্থ দাস, Gen., একমাত্র কন্যা সন্তান 31/5′2′′ স্নাতক, Geo. (Hons.), B.Ed., প্রাইভেট ইংলিশ মিডিয়াম স্কুলে কর্মরতা পাত্রীর জন্য সঃ চাঃ / প্রতিষ্ঠিত ব্যবসায়ী সুপাত্র কাম্য। M - 9593612464. NP-0453

• বৈশ্য সাহা 34+/5′2′′ M.A., B.Ed., মালদা নিবাসী নামমাত্র বিবাহ-বিচ্ছিন্না পাত্রীর 36 - 40 মধ্যে নেশাহীন, শিক্ষিত, প্রতিষ্ঠিত, ইস্যুলেস সরকারী চাকুরে পাত্র কাম্য। M - 9002296608. NP-0466

মালদা নিবাসী Gen. 26+/5′4′′ ANM (HAF - 2024) চাকুরে সুপাত্রীর জন্য স্থায়ী সরকারী চাকুরে উপযুক্ত পাত্র কাম্য। M - 99334 78723. NP-0423

পাত্র চাই

• কুন্ডু 34/5′5′′ সরকারী চাকুরে (গ্রাম পঞ্চায়েত সেক্রেটারী) পাত্রের ঘরোয়া, ফর্সা, শিক্ষিতা পাত্রী কাম্য। M - 8972726348 / 9475392059. NP-0493

• বাঙালী চৌধুরী 30+/5′9′′ M.A., Pol. Sc. (গোল্ড মেডালিস্ট), প্রাইভেট স্কুল শিক্ষক পাত্রের জন্য B.A. / M.A., স্লিম, সুশ্রী, ঘরোয়া পাত্রী কাম্য। M - 8670153697. NP-0413

• তন্তুবায় 34/5′7′′ B.Tech. দিল্লিতে কর্মরত (ডেটা আনালিস্ট)। আদি নিবাস পাকুড়, ঝাড়খন্ড। একমাত্র দিদি বিবাহিতা, কলকাতা নিবাসী। সুশ্রী, শিক্ষিতা, ঘরোয়া, 29-এর মধ্যে উপযুক্ত পাত্রী চাই। মালদা বা উত্তরবঙ্গ অগ্রগণ্য। M - 8013110800. NP-0446

কায়স্থ 28+/5′5′′ বি.টেক., নিজ বাড়ি ও ব্যবসা, রিটায়ার্ড ব্যাঙ্ক কর্মীর পুত্রের 24 মধ্যে স্নাতক, ফর্সা, সুশ্রী, সঃ / উচ্চ অসঃ পাত্রী কাম্য। সত্বর বিবাহ। M - 96472 24249. NP-0361

ব্রাহ্মণ 45/5′5′′ M.Sc., হাই স্কুল শিক্ষক (Divorce) সম্ভ্রান্ত পরিবারের পাত্রের 37 - 42 শিক্ষিতা, ঘরোয়া, Divorce (সন্তানবিহীন) / অবিবাহিতা, মালদা জেলা নিকটস্থ ভালো পরিবারের শুভ বুদ্ধিসম্পন্ন পাত্রী কাম্য। M - 97330 10028 / 99809 88311. NP-0458

ক্লাসিফায়েড এবং ডিসপ্লে-ক্লাসিফায়েড বিজ্ঞাপন
একসাথে ২ বারের জন্য বুক করলে
তৃতীয়বার প্রকাশিত হবে **বিনামূল্যে।**
WApp - 9233 44 45 46

বিক্রয়

• "এটাই তো Golden সময় পরিবারকে উপযুক্ত পূজার উপহার দেওয়ার।" "মকদুমপুরে একটা 3 তলা বাড়ি"। M - 9851300302. NP-0495

পুরনো / ব্যবহৃত সম্পত্তি বেচুন
পুরনো জিনিস বা যে কোন অস্থাবর সম্পত্তি বিক্রি করতে চাইলে জরুরী গাইডে বিজ্ঞাপন দিন সর্বাধিক **50 টি অক্ষর মাত্র 100 টাকার বিনিময়ে।** সাথে **khonj.in** ওয়েবসাইটে বিনামূল্যে **30** দিনের জন্য পোস্ট করুন। **WApp - 92334 44546.**

বিক্রয়

• মালদা 3 NO. GOVT. COLONY-তে গ্যারেজ সহ তিন তলা বাড়ি বিক্রয় আছে। Ph. No. - 9331831898. NP-0487

ফ্ল্যাট বুকিং চলছে

অভিরামপুর **2nd** লেন, বাঁধ রোড সংলগ্ন J.M.C. ক্লাব-এর রাস্তায়
"HINDOL" Apartment-এ
মধ্যবিত্তের ধরাছোঁয়ার মধ্যে
B+G+6 Multi Storied Residential Building-এ
2 BHK 750 - 850 স্কোয়ারফিট,
3 BHK 1050 - 1150 স্কোয়ারফিট,
4 BHK 1700 - 2000 স্কোয়ারফিট
ফ্ল্যাট-এর বুকিং শুরু হয়েছে।
সত্তর যোগাযোগ করুন।
Car Parking Available in Basement.
WBRERA Approved.
RERA Registration No. - **WBRERA/P/MAL/2025/002401.**
Website : **www.rera.wb.gov.in**
Mobile No.
97341 02876 / 96478 01310

টিউশন / কোচিং

• পদস্থ ইঞ্জিনিয়ার বাড়িতে গিয়ে VII - X (সমস্ত বোর্ড) ছাত্র-ছাত্রীদের চাহিদা মতো অঙ্কের CHAPTERS বোঝাচ্ছেন SLOT বুকিং-এর মাধ্যমে (বৃহঃ / শুক্র)। Pal Sir - 9932239094. NP-0297

জরুরী গাইডে
রঙিন ডিসপ্লে বিজ্ঞাপন
প্রকাশের ক্ষেত্রে
৩০ দিন আগে
বুকিং করলেই
ন্যূনতম
৫০% ছাড়।
বিশদে জানুন —
9233 44 45 46
এখন হ্যান্ডবিল ছাপালেই ঠকবেন।

কর্মখালি

• রিশেপসনিস্ট / মার্কেটিং-এর জন্য কাজ জানা ছেলে চাই। বাইক চালাতে জানা। রায় হেলথ্ কেয়ার। M - 9932936036. NP-0494

রাজমহল রোডে একটি ক্যাফেতে কাজের জন্য লোক দরকার। কাজ জানা লোকের অগ্রাধিকার। বেতন আলোচনা সাপেক্ষ। ফোন - **79088 32320.** HUF-0496

মালদা শহরে একটি বিজ্ঞাপন সংস্থায় ব্যাক অফিস-এর কাজের জন্য ন্যূনতম স্নাতক (পুরুষ) ও বিভিন্ন কম্পিউটার অ্যাপ্লিকেশন জানা অভিজ্ঞ কর্মী আবশ্যক। বেতন আলোচনা সাপেক্ষ। **M - 86534 44413.** HUF-0000

জ্যোতিষ চর্চা

জ্যোতিষী (Astrologer)
তাপস কুমার ব্যানার্জী
M.A.R.P. (Kol)
দক্ষিণ সিঙ্গাতলা, মালদা টাউন হাইস্কুলের মেইন গেটের ডান দিকে
Mobile : 98320 78468 / 92326 71649

পরবর্তী
জরুরী গাইড — সার্কুলেশন আনলিমিটেড
বিতরিত হবে **19** সেপ্টেম্বর, **2026,** শনিবার।
বিজ্ঞাপন জমা দেওয়ার শেষ তারিখ **12** সেপ্টেম্বর, **2026,** শনিবার, সন্ধ্যা **7** টার মধ্যে।

জ্যোতিষ চর্চা

জয় মা
কলিকাতার প্রখ্যাত জ্যোতির্ব্বিদ
ডঃ অশোক শাস্ত্রী
দক্ষিণা মাত্র ১১০২/-
— উপস্থিত থাকছেন —
প্রতি রবি, সোম, মঙ্গল ও বুধবার
জুবলী রোড, উত্তর বালুচর, মালদা
ফোন : (০৩৫১২) ২৫৭৪৩৪
মো : ৯৫৪৭৮ ১৬৩৩৩

BIRTH CERTIFICATE

Government of West Bengal
Office of the Chief Secretary

জন্ম ও মৃত্যু নিবন্ধন — পশ্চিমবঙ্গ সরকার

জন্ম শংসাপত্র যাচাই অভিযান

০১.০১.২০২১ থেকে ৩১.১২.২০২৫ এর মধ্যে ইস্যু করা ডিজিটাইজড ও অফলাইন জন্ম শংসাপত্রের সত্যতা যাচাই

স্মারক নং: 279-CS/2026 | তারিখ: 19.08.2026 | **TOP PRIORITY** সেপ্টেম্বর ২০২৬-এর মধ্যেই সম্পন্ন করতে হবে।

বিষয় ০১.০১.২০২১ থেকে ৩১.১২.২০২৫ এর মধ্যে ইস্যু করা জন্ম শংসাপত্রগুলির (ডিজিটাইজড, ডিলেইড ও অফলাইন) সত্যতা যাচাই সংক্রান্ত তদন্ত।

কারা যাচাই করবেন?

প্রামীন এলাকায় **BDO** (Block Development Officer) যাচাই করবেন।

শহরাঞ্চলে **SDO** (Sub-Divisional Officer) যাচাই করবেন।

যে জন্ম শংসাপত্রগুলি যাচাই করা হবে

1. Digitized Birth Certificate
2. Delayed Birth Certificate
3. ২০২১-২০২৫ সময়ে ইস্যু করা কিন্তু এখনাও digitized হয়নি— এমন Offline Birth Certificate

কি কি করা হবে?

- পুরনো হাতে-ইস্যু করা জন্ম শংসাপত্র, Birth Certificate Issuance Register এবং অন্যান্য সহায়ক নথি খতিয়ে দেখা হবে।
- প্রতিটি শংসাপত্রের সত্যতা যাচাই করে রিপোর্ট তৈরি করা হবে।
- প্রতিটি শংসাপত্রের ক্ষেত্রে রিপোর্টে উল্লেখ করতে হবে সেটি Genuine, Non-genuine বা Irregular কি না।
- জাল/ভুয়ো/অনিয়মিত শংসাপত্র পাওুয়া গেলে তার কারণা বিস্তারিতভাবে নথিভুক্ত করতে হবে।

যাচাইয়ের সময় যা পরীক্ষা করা হবে

- পুরনো হাতে-ইস্যু করা জন্ম শংসাপত্র
- Birth Certificate Issuance Register
- অন্যrelevant রেজিস্টার ও রেকর্ড
- অন্যান্য সহায়ক নথি

যাচাই রিপোর্ট এবং সমস্ত নথি ও ফলাফল Janma-Mrityu Tathya (JMT) Portal-এ আপলোড করতে হবে।

JMT — JANMA-MRITYU TATHYA WEST BENGAL

গুরুত্বপূর্ণ জাল, ভুয়ো, অনিয়মিত বা অনুমাদনবিহীন যে কোনো জন্ম শংসাপত্র পাওয়া গেলে তার কারণ বিস্তারিতভাবে চিহ্নিত ও রেকর্ড করতে হবে।

সঠিক তথ্য, সঠিক নথি, সঠিক নাগরিক — এটাই আমাদের লক্ষ্য
সবার সহযোগিতাই গড়বে স্বচ্ছ ও জবাবদিহিমূলক সমাজ

নামমাত্র খরচে পাত্র / পাত্রীর প্রোফাইল khonj.in ওয়েবসাইটে পোস্ট করুন। মালদা সহ নিকটবর্তী জেলার খোঁজ-খবর পান।

নীচের ফর্মের তথ্য পূরণ করে হোয়াট্‌সঅ্যাপ করুন

প্রার্থীর (পাত্র / পাত্রীর) নাম* : ....
বয়স : ....
উচ্চতা : ....
কাস্ট / গোত্র / পদবি : ....
ব্লাড গ্রুপ : ....
শিক্ষাগত যোগ্যতা : ....
অন্যান্য যোগ্যতা : ....
চাকুরে / ব্যবসায়ী / অন্য কোন পেশা : ....
পৈতৃক নিবাস : ....
কর্মস্থল : ....
বার্ষিক আয় : ....
চেহারার গড়ন : ....
পিতা-মাতার কততম সন্তান : ....
বর্তমানে বৈবাহিক স্থিতি : ....
১) অবিবাহিত ☐ ২) ডিভোর্সী ☐
৩) বিধবা ☐ ৪) বিপত্নীক ☐
৫) ডিভোর্সের জন্য অপেক্ষারত ☐
খাদ্যাভ্যাস : ....
নিরামিশাষী হলে লিখুন : ....
বাসস্থান : নিজস্ব ☐ পৈতৃক ☐ ভাড়া ☐

কেমন পাত্র / পাত্রী খুঁজছেন তার সংক্ষিপ্ত বিবরণ

কোন্ কাস্ট অগ্রাধিকার ?
সবর্ণ ☐ / অসবর্ণ ☐ / উচ্চ অসবর্ণ ☐

নিজের সাম্প্রতিক ছবি (সর্বাধিক তিনটি),
আধার কার্ড, ভোটার কার্ড, বয়সের প্রমাণ (PAN / Admit Card)।

(ছবি সহ সরকারী একটি নথি ও বয়সের প্রমানের নথির ফটোকপি / ডিজিটাল কপি পাঠানো বাধ্যতামূলক)।

WApp No. : **9233 44 45 46** (chat only)
khonj.in/patro (পাত্রের জন্য), **khonj.in/patri** (পাত্রীর জন্য)

তারিখ : ....
আবেদনকারীর স্বাক্ষর

ঠিকানা : ....
ফোন / হোয়াট্অ্যাপ নং : ....
ই-মেইল আই.ডি. : ....

'স্বর্গ' এক

(প্রথম পাতার পর)

সাথে তুলনা করে দুঃখী হয়।

কিন্তু এই পৃথিবীতেই আরেকটা জগৎও আছে... আজও লক্ষ মানুষ এক ঘটি জলের জন্য ঘণ্টার পর ঘণ্টা লাইনে দাঁড়ায়। লক্ষ লক্ষ পরিবারের পাকা বাড়িই নেই। দিনে দু'বেলা খাবারের নিশ্চয়তাও নেই। সন্তানদের স্বপ্ন স্কুলের চৌকাঠ পেরোনোর আগেই ভেঙে যায়। গায়ে ঢাকার মতো ঠিকঠাক জামাকাপড়ও নেই।

আমরা যেগুলোকে 'সাধারণ' ভাবি, সেগুলোই অন্যের কাছে জীবনের বড় স্বপ্ন। আমাদের এসির রিমোট না পেলে রাগ হয়। ওদের রোদ থেকে বাঁচার জন্য গাছের ছায়াটুকুও নেই।

আমরা ডায়েট চার্ট খুঁজি। ওরা পরের বেলার খাবার কীভাবে জুটবে ভাবতে ভাবতে ঘুমায়। তখন বোঝা যায়... স্বর্গ আর নরক মৃত্যুর পরের কোনো জায়গা নয়... ওগুলো এখানেই আছে... এই পৃথিবীতেই... এই শহরেই... এই রাস্তাতেই... কখনো কখনো একই দেওয়ালের দুই পাশে।

এক বাড়ির ছেলে নতুন মোবাইল একটু স্লো হলেই বিরক্ত হয়। সামনের বাড়ির ছেলে অনলাইনে পড়ার জন্য মোবাইলই নেই বলে কাঁদে।

একজন মানুষ গরম জল পাঁচ মিনিট দেরি করে এলে অভিযোগ করে। আরেকজন মানুষ আজ জল পেলেই যথেষ্ট ভেবে ঈশ্বরকে ধন্যবাদ দেয়।
পার্থক্য শুধু পরিস্থিতিতে নয়...
পার্থক্য দৃষ্টিভঙ্গিতেও।

কেউ কেউ খারাপ পরিস্থিতিতেও হাসতে শিখেছে। আর কেউ কেউ সব সুবিধা থাকা সত্ত্বেও অভিযোগ থেকে বের হতে পারে না।

মানুষের সবচেয়ে অদ্ভুত অভ্যাস হল যা তার নেই তার হিসাব সে রোজ করে... কিন্তু যা আছে তার হিসাব সে কখনো করে না।

প্রতি রাতে ঘুমানোর আগে শুধু পাঁচটা জিনিস লিখে দেখুন আজ আমি নিঃশ্বাস নিচ্ছি।

আজ আমার কাছে খাওয়ার জল আছে। আজ আমি খাবার পেয়েছি।

আজ আমার মাথার উপর ছাদ আছে। আজ আমার মানুষগুলো আমার সাথে আছে।

হয়তো আপনার পুরো জীবনটাই বদলে যাবে।

হয়তো 'স্বর্গ' কোনো জায়গা নয়... এটা একটা অনুভূতি!

ঠিক তেমনি 'নরক'ও কোনো জায়গা নয়... সেই অনুভূতিটাকে ভুলে যাওয়াই নরক!

যা আছে তার জন্য কৃতজ্ঞ থাকা মানেই স্বর্গ।

যা পেয়েছি তা ভুলে শুধু অভিযোগে বাঁচা মানেই নরক।

মৃত্যুর পর কী হয় কেউ নিশ্চিত করে জানে না। কিন্তু বেঁচে থাকতে থাকতেই আমরা এই সুন্দর পৃথিবী পেয়েছি, নিঃশ্বাস নেওয়ার বাতাস, খাওয়ার জল, খাবার, ভালোবাসার মানুষ, আর একটা বোতাম টিপলেই পাওয়া অসংখ্য সুবিধা।

এতকিছু থাকার পরও যদি আমরা সবসময় দুঃখেই থাকি...

তার চেয়ে বড় দুর্ভাগ্য আর কী আছে?

হয়তো ঈশ্বর হেসে বলবেন —

'আমি তো তোমাকে স্বর্গেই রেখেছি...

কিন্তু তুমি সেখানেও অভিযোগের অফিস খুলে বসেছ!'

তাই আজ থেকে অভিযোগ গুনবেন না...

'কৃতজ্ঞতা' গুণুন।

কারণ 'কৃতজ্ঞতা' আছে যে হৃদয়ে, সেখানেই আসল স্বর্গ।

ভাড়ায় প্রজেক্টর

AHUJA

Opp. to Rathghar
MASS MEDIA
The Media Maker
Mokdumpur, Malda.

● 49" 4K LED TV ● Wi-Di রাউটার ● Android 8.1 যুক্ত মিডিয়া প্লেয়ার
● HDMI পোর্টযুক্ত শর্ট-থ্রো প্রোজেক্টর ● অ্যান্ড্রয়েড মিডিয়া প্লেয়ারযুক্ত LED প্রজেক্টর
● i_3 প্রসেসরযুক্ত ল্যাপটপ ● শক্তিশালী UPS পোডিয়াম ● 4G ইন্টারনেট রাউটার
● HD (হাই ডেফিনেসন) ভিডিও / ডিজিটাল স্টিল ফটোগ্রাফি ● Google Crome Cast
● কর্ডলেস মাইক্রোফোন ● ল্যাপেল মাইক্রোফোন ● ভয়েস রেকর্ডার ● সাউন্ড সিস্টেম
● পয়েন্টার ● Android সমৃদ্ধ HD LED মনিটর ● ইনভার্টার ● মাল্টি ইউজার স্যুইচ
● Air PC ● Blooth Tooth 5.0 Speaker ● আরো অনেক কিছু ...

রেট কার্ড পেতে অন-লাইনে লগ্ অন করুন - **aamaarshahor.com**/projector
অর্ডার করুন massmedia.malda@gmail.com এই ঠিকানায়।

Per shift upto 3 hours
Available on Rent # 9233 44 45 46

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

কোনও বিজ্ঞাপন সূত্র ধরে বিজ্ঞাপন দাতার সঙ্গে যোগাযোগ করার আগে পাঠকদের যথাযথ খোঁজ খবর নিতে বলা হচ্ছে। বিজ্ঞাপন দাতাদের কোনও দাবী ও বক্তব্য বিষয়ে এই বিজ্ঞাপন ক্রোড়পত্র (ফ্রী শিটার) কোনও নিশ্চয়তা বা দায়িত্ব বহন করে না। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

— সম্পাদক / প্রকাশক।

দৈনিক পত্রিকায়
বাংলা, ইংরেজী ও হিন্দী
যে কোন ধরণের বিজ্ঞাপন
যেমন — বিজ্ঞপ্তি, এফিডেভিট, নোটিশ, পাত্র-পাত্রী ইত্যাদি
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন
9233 44 45 46 এই নম্বরে।

স্বত্ত্বাধিকারী অর্ণব কুমার দে কর্তৃক ক্যুইক সার্ভিস, ১১ / ১৯ জি. কে. লেন, মকদমপুর, মালদা ৭৩২১০৩ হইতে প্রকাশিত ও মুদ্রিত। সম্পাদক ঃ অর্ণব কুমার দে। মুদ্রণ সহায়তা ঃ সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লি, কলকাতা। নির্বাচিত বিতরণ কেন্দ্রগুলি থেকে বিনামূল্যে বিতরণের জন্য। M : 977 5454 577

মাঠে নামছে

(প্রথম পাতার পর)

টেক্সট পোস্ট। আর বিদেশি কেউ অ্যাকাউন্ট খুলতে গেলে পাসপোর্ট বা আইডি আপলোড করতে হতো।

এখন তিনটাই বদলে গেছে। ভিডিও গ্লোবালি খোলা, আইডি ভেরিফিকেশন বাদ, আর চীনা সাইটের পুরো কনটেন্ট লাইব্রেরি ইন্টারন্যাশনাল ভার্সনেও শেয়ার হচ্ছে।

সাথে ওরা AI Dubbing চালু করেছে, যাতে সাবটাইটেল ছাড়াই অন্য ভাষার ক্রিয়েটরদের ভিডিও শোনা যায়। অ্যানিমে, গেমিং, শিক্ষা ও পপ কালচার নিয়ে চীনে বিলিবিলির বিশাল কমিউনিটি রয়েছে। এবার গ্লোবাল ক্রিয়েটরদের জন্য বড় ফান্ড ও নতুন মনিটাইজেশন সুবিধা নিয়ে আসছে তারা।

কপিরাইট জটিলতা, হঠাৎ চ্যানেল রেভিনিউ কমে যাওয়া এবং ইউটিউবের কঠোর নিয়মের কারণে অনেকেই বিকল্প খুঁজছিলেন। বিলিবিলি ঠিক সেই সুযোগটাই নিতে চায়।

বাইটড্যান্স যেভাবে টিকটক দিয়ে পশ্চিমা বাজারে রাজত্ব করছে, বিলিবিলিও লং ও শর্ট-ফর্ম ভিডিও মিলিয়ে আন্তর্জাতিক অঙ্গনে একই মডেল অনুসরণ করছে।

Semafor এর রিপোর্ট অনুযায়ী ওরা ছয়টা শহরে কমিউনিটি ম্যানেজার হায়ার করছে - লস অ্যাঞ্জেলেস, লন্ডন, মেক্সিকো সিটি, সাও পাওলো, ইস্তাম্বুল আর টোকিও। সিঙ্গাপুরে আলাদা টিম বসাচ্ছে গ্লোবাল AI কনটেন্ট মডারেশনের জন্য।

এবার সবচেয়ে ইন্টারেস্টিং জিনিসটা বলি। দানমু (danmu)।

এটা Bilibili এর সিগনেচার ফিচার। ভিডিও চলার সময় দর্শকদের কমেন্ট স্ক্রিনের উপর দিয়ে ভেসে ভেসে যায়, ঠিক সেই টাইমস্ট্যাম্পে। কমেন্ট সেকশনে না, একদম ভিডিওর গায়ের উপরে।

মানে হচ্ছে, ভিডিওটা তখন একা দেখা লাগে না। মনে হয় হলে বসে সবাই মিলে দেখছেন।

YouTube এ এই জিনিসটা নেই। এই একটা ফিচারের উপরেই ওদের পুরো কমিউনিটি কালচার দাঁড়িয়ে আছে।

শাংহাইতে ওদের বার্ষিক কনভেনশন Bilibili World এ এই বছর নাকি ৪ লাখ মানুষ গেছে। সান দিয়েগো কমিক-কনে যায় ১ লাখ ৩০ হাজারের মতো।

অদ্ভুত, তাই না?

তবে এখানে একটা কথা আছে। এবং কথাটা ছোট না।

চীনের বাইরের ক্রিয়েটরদের জন্য মনিটাইজেশন এখনো চালু হয়নি। ব্র্যান্ড মার্কেটপ্লেসটা 'in development'। ইংরেজি ওয়েবসাইট 'coming soon'। iOS অ্যাপ এখনো আপডেট হয়নি, শুধু Android এ পাওয়া যাচ্ছে।

আমাদের দেশ থেকেও শিগগির এক্সেস করা যাবে বলে আসা করা যায়।

মানে এই মুহূর্তে এটা একটা ইনটেনশন, ফিনিশড প্রোডাক্ট না।

ঝুঁকির দিকটাও বলি। চীনা অ্যাপ পশ্চিমে বড় হলে কী হয়, TikTok দেখেই আমরা জানি। সেন্সরশিপ, মডারেশন, ডেটা প্রাইভেসি - প্রশ্নগুলো আসবেই।

কিন্তু একটা জিনিস মাথায় রাখেন।

নতুন প্ল্যাটফর্মে দেরি করে ঢোকা মানে পুরনো প্ল্যাটফর্মেই আটকে থাকা।

YouTube এ আজ নতুন চ্যানেল খুললে আপনি কোটি কোটি চ্যানেলের ভিড়ে দাঁড়াচ্ছেন। Bilibili এর গ্লোবাল সাইডে এখন প্রায় কেউ নেই।

সুযোগটা ঠিক এইখানেই। ভিড় শুরু হওয়ার আগে।

আমার তো মনে হচ্ছে এটা YouTube কে হারানোর গল্প না, এটা YouTube কে একটু চাপে ফেলার গল্প। আর প্ল্যাটফর্ম চাপে পড়লে সবচেয়ে বেশি লাভ হয় ক্রিয়েটরদের।

অ্যাপ আর সোর্স

Bilibili ইন্টারন্যাশনাল অ্যাপ (Android) https//play.google.com.store.appsdetailsÚid.com.bilibili.app.in

মূল রিপোর্ট

https//www.semafor.com.article.08.19.2026.chinas.youtube.bilibilié.plans.global.expansion.english.language.site

স্বাস্থ্য ব্যবস্থা

(চতুর্থ পাতার পর)

শ্রী চরণ কেটে নিয়ে বাড়ি ফিরেছে সেবাশ্রয়! প্রধানমন্ত্রী মুখ্যমন্ত্রী যদি দেশের রাজ্যের সাংসদ বিধায়ক দের সাথে বৈঠক করেন বা একসঙ্গে ছবি তোলেন সেটা নিয়ে হইচই পড়েনা, পারস্পরিক রাজনৈতিক বিরোধিতা থাকলেও পড়েক্ষ্ম না। বুদ্ধদেব ভট্টাচার্য্যের সাথে তৎকালীন হোম মিনিস্টার লালকৃষ্ণ আডবানীর এমন বহু ছবি আছে। সেগুলোকে আমরা কেন্দ্র রাজ্য সম্পর্ক অথবা রাজনৈতিক সৌজন্যের নিরীখেই দেখেছি, কিন্তু এই গুঞ্জঞ্জজ নামক যে একটি বায়বীয় অথচ ক্রনিক রোগীদের গোষ্ঠী দিল্লিতে একদম 'ডাক্তার' শুভেন্দু অধিকারীর কাছে চেক আপে চলে গেলেন তাঁরা হয়তো জানেন না যে শেষ পর্যন্ত তাঁদের জঞ্জড্ড তে দিনের পর দিন কোমায় ফেলে রেখে আয়ুষ্মান ভারতের পুরো বীমাকৃত অর্থ হজম করে নেবেন কিনা ডাক্তারবাবু। এদিকে পাড়ায় পাড়ায় গোবর গঙ্গাজল খেয়ে লিভার বাড়ানো পদ্মের ডাঁটা দের হাসপাতালের বেডে স্যালাইন দিয়ে ম্যালাইন করা হচ্ছে আর ওপরে আপনারা পাপড়ি বাড়িয়ে বাড়িয়ে একদম সহস্র দল পদ্ম বানিয়ে চলেছেন! শমীক বাবু মার্শাল সেজে এদিক থেকে ছড়ি নিয়ে তাড়া করছেন পরক্ষণেই লাস্ট বেঞ্চ থেকে ডেপো ছেলে মেয়েদের তুলে এনে অশৌচের উত্তরীয় পরিয়ে দিচ্ছেন। কুনাল ঘোষ কে চ্যাং দোলা করে বিধানসভা থেকে বের করে দেওয়া মার্শাল কে গতকাল বিধানসভা থেকেই বহিষ্কার করা হয়েছে! রূপক টা লক্ষ্য করুন!

যে গ্রুপফি টা বাজারে ছেরিয়েছে সেটার দিকে ভালো করে তাকালেই দেখবেন ওটা একটা আস্ত মাল্টি সুপার স্পেশালিটি হসপিটাল! ডার্মাটোলজি বিভাগে পরচুলো সুদীপ, পাশেই নন মেডিক্যাল হসপিটাল ইনফ্রাস্ট্রাকচারের কাকলী ফার্নিচার! জন্ম নিয়ন্ত্রণ বিভাগের ডিন সায়নী (সুবিধা) ঘোষ, আতঙ্ক গ্রস্ত মাস্টারমশাই দের তাঁরা যে আসলে কিছুই দেখেননি সেটা বুঝিয়ে সাইকোলজিক্যাল কাউন্সেলিং করবেন শতাব্দী রায়, মালা রায় বিবাহযোগ্যা মেয়েদের ঠোঁটের ওপরে কালো তিল থাকলে অহেতুক সেটাকে অপারেট করতে নিষেধ করে বুঝিয়ে দেবেন ওটা থাকলেও নির্মেদ জিম করা নির্বেদ স্বামী পাওয়া যায়! বর্ষার সময় হাসপাতালের চেস্ট মেডিসিনের ফুসফুসে কুইন্টাল কুইন্টাল জল ঢুকে গেলে কিভাবে নল দিয়ে সেই জল বের করে আনতে হয় সেটা রচনা দেখবেন, হাসপাতালের প্রবেশ পথ থেকে ইমারজেন্সি বিভাগের হাঁটা পথের দুধারে ছেঁটে চাষ করা হবে জুন ঘাস রোগীর আত্মীয়দের মেণ্টাল স্ট্রেস কমানোর জন্য।

এই 'সেবা' এবং 'আশ্রয়' দুয়ের বিরুদ্ধে মানুষ ভোট দিয়েছিল। তারা বোধহয় বোঝেনি যে রাম রাবণ গ্রীন রুমে একসাথে মেক আপ নেয়, তারপর আবার মঞ্চে উঠে পরস্পরের বিরুদ্ধে যুদ্ধ করে, তারপর যাত্রা শেষে মুখে স্পিরিট গামের গন্ধ নিয়ে রাম রাবণ কেই নিজের সাইকেলের সামনের রডে বসিয়ে বাড়ি পৌঁছে দেয়। অবতার পুরুষ দের ধর্মই হলো উদ্ধার করা, যত পাপী তাপী পতিত আছে সবাইকে শরণ দেওয়া, এইটুকু লীলা চঞ্চলতা আপনারা না বুঝলে এইসব রাজনৈতিক আখ্যান বুঝবেন কি ভাবে? আজ যিনি মহাকবি বাল্মীকি হয়ে অবতীর্ণ হয়েছেন তিনিও তো পূর্ব জন্মে দস্যু রত্নাকর ছিলেন! তাই বলে কি রামায়ণের মাহাত্ম্যের হানি হয়! মহামতি অস্কার ওয়াইল্ড বলেছিলেন না.......

প্রত্যেক সাধুর একটি করে অতীত আছে, আর প্রত্যেক পাপীর একটি করে ভবিষ্যত। — ক্মবিশ্বজিৎ চন্দ

কত অজানারে

● আগে, বিশেষ করে মধ্যযুগে 'ফরেষ্ট' বা অরণ্য বলতে বোঝাত যেখানে চাষবাস হয় না।

● মানুষের জঙ্ঘার হাড় কংক্রিটের থেকেও শক্ত।

● ১৯৬০ সালে কলকাতার অ্যাকাডেমি অফ ফাইন আর্টস-এর উদ্বোধন হয়েছিল, শিল্পী নন্দলাল বসুর ছবির প্রদর্শনী দিয়ে।

● গোটা বিশ্বে ভূপৃষ্টের ওপর প্রতি সেকেন্ডে বৃষ্টি ও তুষারপাতের পরিমাণ প্রায় ১ কোটি ৬০ লক্ষ টন।

● কলকাতার মানচিত্র-প্রতিষ্ঠান "ন্যাশনাল অ্যাটলাস" এর সরেজমিন অনুসন্ধানে জানা যায়, গত ১৫/২০ বছর আগে কলকাতায় জলাশয় ছিল ৮৭৩১টি। গুগল স্যাটেলাইট মানচিত্রে ২০০৬-এ সংখ্যাটি দাঁড়ায় ৪৮৮৯। অর্থাৎ গত ২০ বছরে কলকাতার শতকরা ৪৪ ভাগ পুকুর ভরা হয়ে গেছে।

● সূর্যকে প্রদক্ষিণ করতে পৃথিবীর সময় লাগে ঠিক ৩৬৫.২৫৮৭৫৬৪৮৪ দিন। এটি প্রথম অঙ্ক কষে বার করেছিলেন জ্যোতির্বিজ্ঞানী ভাস্করাচার্য্য।

● বন্দে মাতরম কবিতাটিতে প্রথম সুরারোপ করেন কিন্তু চক্রবর্ত্তী। রাগ খাম্বাজের সুরে। এখন প্রচলিত দেশ রাগ ভিত্তিক সুরচি রবীন্দ্র নাথের দেওয়া।

● দন্ত বিশেষজ্ঞেরা পরীক্ষা করে রায় দিয়েছেন, দাঁত মাজার সবচেয়ে উৎকৃষ্ট সময় রাতে শুতে যাওয়ার আগে। আর সবচেয়ে কম উপকার হয় সকালে খাবার আগে দাঁত মাজলে।

● পুরুষদের মধ্যে বিশ্বে সবচেয়ে বেশি মূর্তি স্থাপিত হয়েছে বুদ্ধের। মেয়েদের মধ্যে কার বেশি জানেন? মাতা মেরি-র।

● ডাক্তারি শাস্ত্রে রোগটির নাম "ট্রিসকাইডোফোবিয়া"। এই রোগের লক্ষণ হল ১৩ সংখ্যাটি অপয়া ভাবা বা ভয় পাওয়া।

● বিদ্যুৎ সরাসরি তিন কিলোমিটারের বেশি যেতে পারে না।

● আচার্য মানে অধ্যাপক বা শিক্ষাগুরু, যদিও সংস্কৃত এই শব্দটির মানে 'যিনি বেদ শিক্ষা দেন' বা 'দৈবজ্ঞ ব্রাহ্মণ'।

● মোটামুটি ১৩ হাজার টুকরো অংশ জুড়ে তৈরি হয় একটি আধুনিক মোটরগাড়ি।

● প্রথম দিকে টিভির অনুষ্ঠান শুরু হত সন্ধ্যেবেলা থেকে। "ব্রেকফাস্ট টাইম" নামে সকালে টিভির অনুষ্ঠান শুরু করেছিল "বিবিসি" ১৯৮৩ সালে। ভারতে শুরু হয় ১৯৮৭ সাল থেকে।

Tele Guide.in
যাকে চাই তাকে পাই, পলকে

Trains Running Through
MLDT & NFK STATION
SEPTEMBER - 2026

মাস মিডিয়া
শুধু প্রচার করে না, প্রসার ঘটায়

Mail / Express Trains

Nos.	UP	MLDT Arriv	MLDT Dep.	NFK Arriv	NFK Dep.	Trains Name	Trains Type	Trains Name	Nos.	MLDT Arriv	MLDT Dep.	NFK Arriv	NFK Dep.	DN
03039	Sat	06:25	06:30	—	—	HOWRAH-NJP JN	Special	NJP JN - HOWRAH	03040	17:10	17:15	—	—	Sat
03105	Fri	14:40	14:50	14:00	14:02	SEALDAH-LUMDING JN	Special	—	—	—	—	—	—	—
03129	Daily	06:20	06:30	—	—	KOLKATA-NJP JN	Special	NJP JN - KOLKATA	03130	17:10	17:20	—	—	Daily
03203	Daily	START	16:00	—	—	MALDA TOWN-KIUL JN	Special	KIUL JN - MALDA TOWN	03204	15:00	END	13:18	13:20	Daily
03409	Thu, Sat	START	20:45	21:15	21:17	MALDA TOWN-PRAYAGRAJ	Special	PRAYAGRAJ-MALDA TOWN	03410	14:.0	END	13:05	13:07	Sat, Mon
03413	Thu, Sun	START	07:10	07.42	07.44	MALDA TOWN-NEW DELHI	Special	NEW DELHI-MALDA TOWN	03414	07:55	END	06.45	06.47	Tue, Sat
03417	Sat	START	12:20	12.52	12.54	MALDA TOWN-UDHNA JN	Special	JHUSI-MALDA TOWN	03418	14:30	END	13.05	13.07	Tue
03425	Fri	START	17:30	18.02	18.04	MALDA TOWN-PUNE JN	Special	PUNE JN--MALDA TOWN	03426	16:30	END	15.30	15.32	Tue
03429	Sat	5:10	END	03.25	03.27	CHARLAPALLI-MLDA TOWN	SF Special	CHARLAPALLI-MALDA TOWN	03430	START	18:10	18.30	18.42	Tue
03435	Mon	START	09:30	10.02	10.04	MALDA TOWN-ANAND VIHAR TERMINAL	Special	ANAND VIHAR TERMINAL-MALDA TOWN	03436	22:30	END	22.07	22.09	Wed
03465	Sat	START	13:10	13:42	13:44	MALDA TOWN-DIGHA	Special	DIGHA-MALDA TOWN	03466	08:16	08:18	09:20	END	Sun
05639	Fri	04:50	05:00	—	—	SILCHAR-KOLKATA	Special	KOLKATA- SILCHAR	05640	23:15	23:25	—	—	Fri
05931	Daily	09:10	09:20	07:54	07:56	KOLKATA-DIBRUGARH	Special	DIBRUGARH-KOLKATA	05932	17:10	17:20	17:52	17:54	Daily
